

## বেসরকারী বিশ্ববিদ্যালয় ভর্তির আগে যাচাই করুন

**এ** ইচএসসি পরীক্ষার ফলাফলের পরই ভর্তি প্রক্রিয়া শুরু হবে। এ সময় বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভর্তির বিজ্ঞাপন চোখে পড়ে। সরকার অনুমোদিত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের সংখ্যাও কম নয়। যেখানে নানা সুযোগ সুবিধার কথা থাকে। অনেক ক্ষেত্রে বেশিরভাগ বিশ্ববিদ্যালয়েই প্রয়োজনীয় মানের ও সংখ্যার শিক্ষক নেই, নেই প্রয়োজনীয় আকারের কোন ক্যাম্পাস। আবার অনেক বিশ্ববিদ্যালয়ের বয়স কোনটির দু'বছর, কোনটির তিন বছর, কোনটির কিছুটা বেশি ফলে পাস করে বের হওয়া কোন ব্যাচের সন্ধান অনেক ক্ষেত্রেই পাওয়া যায় না। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোর অনেক খবরই থেকে যায় অগোচরে।

বাংলাদেশের কোন বেসরকারী

বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাইলে অবশ্যই ভালভাবে খোঁজ-খবর নিয়ে ভর্তি হওয়া উচিত। বিশেষ করে নিম্নোক্ত বিষয়গুলো-

- বিশ্ববিদ্যালয়টির সরকারী অনুমোদন আছে কিনা।
- প্রতিষ্ঠানটি কোন বিশ্ববিদ্যালয়ের স্থানীয় ক্যাম্পাস হলে তার অনুমোদন আছে কিনা।
- বাংলাদেশের বাইরে, বিশেষত ব্রিটেন এবং আমেরিকায় এসব ডিগ্রি স্বীকৃতিপ্রাপ্ত কিনা।
- ফুলটাইম ফ্যাকাল্টি/শিক্ষক কতজন আছেন এবং তাঁদের ব্যাকগ্রাউন্ড কি।
- বিদেশী কোন বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফারের ব্যবস্থা থাকলে পূর্বে কেউ ক্রেডিট ট্রান্সফার করেছে কিনা এবং বিদেশী এসব ইউনিভার্সিটির মান কেমন।
- নিজস্ব পছন্দ অনুযায়ী আপনি বিষয় নির্বাচন করতে পারবেন কিনা।
- Non-Credit Course করতে হয় কিনা। করতে হলে সর্বমোট কয়টি কোর্স করতে হবে এবং তার টিউশন ফী মোট কত।
- নিজস্ব লাইব্রেরী, কম্পিউটার ল্যাব ইত্যাদি গুরুত্বপূর্ণ শিক্ষা-অনুশঙ্গ কতটা আধুনিক এবং পর্যাপ্ত।
- স্কলারশিপ এবং আর্থিক সাহায্যের ব্যবস্থা আছে কিনা। যদি থাকে তবে তা কোন মানদণ্ডের ভিত্তিতে এবং মোট কতজন ছাত্রকে তা দেয়া হয়ে থাকে।

আসমা অনু

## জানতে চাই

**প্রশ্ন :** বার্জার পেইন্টসের ইন্টেরিয়র ডিজাইনে ভর্তির জন্য কি ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? বার্জার পেইন্টসের পূর্ণ ঠিকানা জানতে চাই।

অয়ন ফরিদপুর।

**উত্তর :** বার্জার পেইন্টসের ইন্টেরিয়র ডিজাইন বিষয়ক ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা হচ্ছে 'ও' লেভেল বা উচ্চ মাধ্যমিক পাস। এখানে বিজ্ঞান, মানবিক এ ধরনের কোন গ্রুপ বা রেজাল্ট কোন ফ্যাক্টর নয়, শুধু উচ্চ মাধ্যমিক পাস হলেই ভর্তি হওয়া যায়। তবে যে কোন বিষয়ে গ্র্যাজুয়েটসম্পন্নকারীও ভর্তির জন্য আবেদন করতে পারেন। বার্জার পেইন্টসের পূর্ণ ঠিকানা- বার্জার পেইন্টস বিল্ডিং ৩/৩ ডি বিজয় নগর, কাকরাইল, ঢাকা-১০০০।

**প্রশ্ন :** আমি ২০০০-২০০১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর মানবিক বিভাগের ছাত্রী। আমার বিষয়গুলো হচ্ছে সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস, হোম-ইকোনমিক্স এবং মনোবিজ্ঞান। আমার ইচ্ছা উচ্চ মাধ্যমিক পাসের পর আমি হোম-ইকোনমিক্স নিয়ে পড়ব। এ জন্য আমাকে কি করতে হবে?

আর. এফ মুকুল চাঁদপুর।

**উত্তর :** আপনার স্বপ্ন বা ইচ্ছাকে বাস্তবায়িত করতে হলে আপনাকে এখন থেকেই খুব ভাল করে পড়াশোনা করতে হবে। কারণ আপনার পছন্দের বিষয়ে

চাপ পেতে হলে অবশ্যই ভাল রেজাল্ট থাকতে হবে। বাংলাদেশে সরকারী পর্যায়ে একটিমাত্র হোম-ইকোনমিক্স কলেজ রয়েছে ঢাকার আজিমপুরে। সঙ্গত কারণেই তুমুল প্রতিযোগিতার মাধ্যমে এখানে চাপ পেতে হয়। ভাল রেজাল্ট দরকার আসলে এ কারণেই। ঢাকার কলাবাগানে অবশ্য একটি বেসরকারী হোম-ইকোনমিক্স কলেজও আছে। তুমুল প্রতিযোগিতা না হলেও এখানে পড়তে অনেক টাকা লাগে। বাংলাদেশ গার্লস্‌ অর্থনীতি কলেজে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজাল্টের পর।

**প্রশ্ন :** আমি বর্তমানে MATS-এ অধ্যয়নরত। কোর্সটি শেষ করে আমি MBBS করতে আগ্রহী। বাংলাদেশ বা ভারতের কোন প্রতিষ্ঠানে তা করা যাবে কি?

মোঃ রাসেল বাগেরহাট।

**উত্তর :** বাংলাদেশ কিংবা ভারতের কোন শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন মেডিক্যাল করার পর এমবিবিএস কোর্স করা যায় না। তবে সিন্সাপুর, অস্ট্রেলিয়া এবং আমেরিকার কিছু প্রতিষ্ঠানে আপনি আপনার কাঙ্ক্ষিত কোর্সটি করতে পারবেন। এ জন্য আপনাকে কোর্স শেষের পর পরই সংশ্লিষ্ট দেশের দূতাবাসের 'এডুকেশন উইংস' বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। এখান থেকেই আপনি প্রয়োজনীয় সব তথ্য জানতে পারবেন।